

এইচএসসির ফল না হতেই স্নাতকে ভর্তির তারিখ

যুগান্তর রিপোর্ট

উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষার ফল এখনও প্রকাশ করা হয়নি। ৯ আগস্ট তা প্রকাশ করা হবে। এর আগেই স্নাতকে ভর্তির লক্ষে বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার

রোডম্যাপ চূড়ান্ত করা হয়েছে। সে অনুযায়ী, স্নাতকে ভর্তি কার্যক্রম শুরু হবে ১ অক্টোবর। ওই দিন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম বিতরণ শুরু হবে। তবে মূল ভর্তিযুদ্ধ শুরু হবে ৯ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার মধ্যে দিয়ে।

বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসিদের সংগঠন 'বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ'। এ সংগঠনের নিয়মিত সভা বুধবার রাতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শে.কৃ.বি) কন্যাস্নান সড়ক অঞ্চলে অনুষ্ঠিত হয়। ওই সভাতেই বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার সমন্বিত তারিখ ঘোষণা করা হয়।

এবার প্রথমবারের মতো পরীক্ষা ছাড়াই ভর্তি করা হবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে। এনএসসি ও এইচএসসিতে প্রাপ্ত জিপিএর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। ভর্তির নির্ধারিত তারিখের দু'সপ্তাহ থেকে দেড় মাস আগে ফরম বিতরণ শুরু হবে।

বিশ্ববিদ্যালয় পরিষদের বর্তমান সভাপতি হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক নো. রুহুল আমিন। বুধবারের ওই সভায় তিনি সভাপতিত্ব করেন।

কার্যক্রম শুরু ১ অক্টোবর

এতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক মো. শাদাতউল্লাহ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. কামরুল হাসান খান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমান, বুয়েটের ভিসি অধ্যাপক খালেদা একরামসহ ২৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসিরা উপস্থিত ছিলেন।

এভাবে পরীক্ষার তারিখ নির্ধারণ প্রসঙ্গে জানতে চাইলে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমান যুগান্তরকে বলেন, পরিষদের সভায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছে। এসব তারিখ সম্ভাব্য। তবে চূড়ান্ত তারিখের সঙ্গে এগুলোর তেমন হেরফের হবে না। তিনি বলেন, এইচএসসির ফল প্রকাশের আগেই স্নাতকে ভর্তির রোডম্যাপ গতবছরও আগেভাগে ঘোষণা করা হয়। সমন্বিতভাবে পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছে এ জন্য যে, একটি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার মধ্যে তাহলে আরেকটির তারিখ আর পড়বে না। এতে করে পরীক্ষা সৃষ্টভাবে সম্পন্ন হবে।

সভায় বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষা ছাড়াও পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষকদের বেতন ছেল ও মর্যাদাসহ আনুষ্ঠানিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। সভায় উপস্থিত ভিসিরা নতুন বেতন স্নাতকে : পৃষ্ঠা ১৯ : কলাম ১

স্নাতকে : ভর্তির তারিখ

(শেষ পৃষ্ঠার পর)

কাঠামোয় শিক্ষকদের বেতন কাঠামো যাতে সমন্বিত থাকে সে বিষয়ে প্রধানমন্ত্রীর সর্দয় হস্তক্ষেপ কামনা করেন। এ সময় তারা নেপাল ও শ্রীলঙ্কার মতো বাংলাদেশেও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মর্যাদা ও বেতন কাঠামো একই রকম হওয়া বাঞ্ছনীয় বলে মতপ্রকাশ করেন। পাশাপাশি সভায় অষ্টম জাতীয় বেতন স্কেলে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মর্যাদা প্রবনমন করা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়।

ভর্তি পরীক্ষার তারিখ : সভায় স্যাধারণ, প্রকৌশল, কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকৌশল ও প্রযুক্তি— এ ধরনের বৈশিষ্ট্য বিবেচনায় রেখে গুচ্ছভিত্তিক ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার তারিখ নির্ধারণ করা হলেও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়নি। নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কমিটিতে বিষয়টি চূড়ান্ত হওয়ার পর তা ঘোষণা করা হবে।

প্রকৌশল বিশ্ববিদ্যালয় : বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ১০ বা ১৭ অক্টোবর পরীক্ষা নেয়া হবে। এ ছাড়া চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৩১ অক্টোবর, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ১৪ নভেম্বর, মুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৬ নভেম্বর, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে ২০ অথবা ২৭ নভেম্বর পরীক্ষা অনুষ্ঠিত হবে।

কৃষি বিশ্ববিদ্যালয় : গাজীপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৪ নভেম্বর, বাংলাদেশ কৃষি

বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহে ৫ ডিসেম্বর, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৮ ডিসেম্বর, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৮ নভেম্বর, চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিমাল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ে ৭ নভেম্বর পরীক্ষা নেয়া হবে।

বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৩ নভেম্বর, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৪ নভেম্বর, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০ ও ২১ নভেম্বর, মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২৭ ও ২৮ নভেম্বর, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর ৩০ নভেম্বর ও ১ থেকে ৩ ডিসেম্বর এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৩ ও ১৪ ডিসেম্বর পরীক্ষা হবে।

সাধারণ ও অন্যান্য বিশ্ববিদ্যালয় : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৯, ১০, ১৬, ১৭, ৩০ অক্টোবর ও ৬ নভেম্বর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২৫ অক্টোবর থেকে ৫ নভেম্বর, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৯ থেকে ১২ নভেম্বর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১ থেকে ৯ নভেম্বর, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) ২৩, ২৪, ৩০ ও ৩১ অক্টোবর, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ৪ ও ৫ ডিসেম্বর, ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১৫ থেকে ১৯ নভেম্বর, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ৯ থেকে ১২ নভেম্বর, বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২৭ ও ২৮ নভেম্বর, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ৪, ৫ ও ৬ ডিসেম্বর এবং খুলনা বিশ্ববিদ্যালয়ে ১১ ও ১২ ডিসেম্বর পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সম্ভাব্য তারিখ ঘোষণা করা হয়েছে।